

আপনার অধিকারের ব্যাখ্যা

আপনাকে অভিযুক্ত করা হতে পারে এমন কোনো অপরাধের ব্যাপারে আপনাকে আটক না করে যখন জিজ্ঞাসাবাদ করা হয়

1/2

1. সাক্ষাৎকার চলাকালীন আইনজীবীর সঙ্গে গোপনে আলোচনা করা এবং আইনি সাহায্য নেওয়ার অধিকার

A. কখন?

- সাক্ষাৎকারের আগে একজন আইনজীবীর সাথে গোপনে পরামর্শ করার অধিকার এবং সাক্ষাৎকার চলাকালীন আইনি সহায়তা লাভ করার অধিকার আপনার আছে।
- যে অপরাধের ব্যাপারে আপনার সাক্ষাৎকার গ্রহণ করা হচ্ছে তা যদি শাস্তিযোগ্য হয় C-এ বর্ণিত প্রক্রিয়া প্রযোজ্য হবে

B. কোন আইনজীবী?

- আপনি আপনার পছন্দের কোনো আইনজীবীর সঙ্গে পরামর্শ করতে পারেন।
- আইনী কিছু শর্ত পূরণ করলে আপনি এই আইনী সহায়তা সম্পূর্ণ বিনামূল্যে বা আংশিক মূল্যে পেতে পারেন। যে ফর্মে এই শর্তগুলি সংক্ষেপে বলা আছে আপনি সেই ফর্মটি চাইতে পারেন।

C. কিভাবে গোপন আলোচনা করা হয়?

আপনি একটি লিখিত আমন্ত্রণ প্রেরণ করেছেন, যাতে 1 থেকে 4 পর্যন্ত সংখ্যার অধীনে অধিকারগুলি তালিকাভুক্ত করা আছে এবং বলা হয়েছে যে সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার আগে আপনি একজন আইনজীবী পাওয়ার অনুমান করছেন:

- যেহেতু ইতিমধ্যেই আপনি একজন আইনজীবীর সাথে আলোচনা করেছেন তাই আপনার জন্য আর কোন স্মৃতিদেশ মঞ্জুর করা হবে না।
- আপনি যদি কোন আইনজীবীর সহায়তা লাভ না করতে চান, তাহলে আপনাকে অবশ্যই সাক্ষাৎকার শুরু হওয়ার আগে নীরব থাকার আপনার অধিকার সম্বন্ধে সুপারিশ করা হবে। (পয়েন্ট 3-ও দেখুন)

আপনি কোনো লিখিত আমন্ত্রণ প্রেরণ করেননি বা একটি অসম্পূর্ণ লিখিত আমন্ত্রণ প্রেরণ করেছেন:

- আপনি কেবলমাত্র একবার, সাক্ষাৎকার পরবর্তী কোন তারিখে বা সময়ে স্মৃতি করার জন্য বলতে পারেন যাতে আপনি আপনার আইনজীবীর সাথে আলোচনা করতে পারেন।
- আপনি আপনার আইনজীবীর সাথে টেলিফোনের মাধ্যমে কথা বলতে পারেন, এর পরে সাক্ষাৎকারটি শুরু হতে পারে। আপনি আপনার আইনজীবীর জন্য সাক্ষাৎকার গ্রহণ করার স্থানে অপেক্ষা করতে পারেন।

D. সাক্ষাৎকার চলাকালীন আইনি সহায়তা

আপনার আইনজীবী নিশ্চিত করবেন যে:

- আপনার নীরব থাকার অধিকার আর নিজেস্ব দোষারোপ করতে বাধ্য না করার অধিকার সম্মানিত হচ্ছে কিনা;
- সাক্ষাৎকার চলাকালীন আপনার সাথে ভাল ব্যবহার করা হচ্ছে কিনা, আর আপনার ওপর কোনো বাধ্যবাধকতা বা অন্যায় চাপ দেওয়া হচ্ছে কিনা;
- আপনাকে আপনার অধিকারগুলি জানানো হয়েছে আর সাক্ষাৎকার সম্পূর্ণ আইনী মতে করা হচ্ছে।

এই বিষয়গুলির কোনটির ব্যাপারে আপনার আইনজীবীর যদি কিছু বলার থাকে তাহলে তিনি তক্ষুনি সেগুলি পুলিশের সাক্ষাৎকার বিবৃতিতে রেকর্ড করতে পারেন। আপনার আইনজীবী একটি নির্দিষ্ট জিজ্ঞাসাবাদ করার বা একজন বিশেষ ব্যক্তির সাক্ষাৎকার নেওয়ার কথা বলতে পারেন। যে প্রশ্নগুলি জিজ্ঞাসা করা হচ্ছে সেই সম্বন্ধে তিনি ব্যাখ্যা চাইতে পারেন। তিনি তদন্ত এবং সাক্ষাৎকার সম্বন্ধে মন্তব্য করতে পারেন। তিনি আপনার হয়ে উত্তর দিতে পারবেন না বা সাক্ষাৎকার চলাকালীন বাধা সৃষ্টি করতে পারবেন না।

আপনার অধিকারের ব্যাখ্যা

আপনাকে অভিযুক্ত করা হতে পারে এমন কোনো অপরাধের ব্যাপারে আপনাকে আটক না করে যখন জিজ্ঞাসাবাদ করা হয়

2/2

E. এই অধিকার ত্যাগ করছেন?

আইনজীবীর থেকে সহায়তা নিতে বা তার সাথে আলোচনা করার জন্য অনুরোধ করতে আপনি বাধ্য নন।

আপনি স্বেচ্ছায় এবং গভীর ভাবনা-চিন্তা করে এই অধিকার ত্যাগ করতে পারেন:

- আপনি যদি প্রাপ্তবয়স্ক হন;
- আপনি এই মর্মে একটি ডকুমেন্টে তারিখ দিয়ে সই করে দেন।

2. ঘটনা সম্পর্কে সংক্ষিপ্ত তথ্য

- আপনাকে কোন্ ঘটনার পরিপ্রেক্ষিতে প্রশ্ন করা হবে সে সম্পর্কে সংক্ষেপে জানার অধিকার আপনার আছে।

3. নীরব থাকার অধিকার

- কোনো অবস্থাতেই আপনি নিজেকে দোষারোপ করতে বাধ্য করা হবে না।
- নিজের পরিচয় জানাবার পর আপনি চাইলে কোনো বিবৃতি দিতে পারেন, যে প্রশ্ন করা হয়েছে তার উত্তর দিতে পারেন অথবা নীরব থাকতে পারেন।

4. সাক্ষাৎকার চলাকালীন অন্যান্য অধিকারসমূহ

সাক্ষাৎকার পর্ব শুরু হওয়ার আগে আপনাকে অবশ্যই কিছু তথ্য প্রদান করতে হবে। ঘটনা সম্পর্কে সংক্ষিপ্ত তথ্য আবার প্রদান করা আর চুপ করে থাকার অধিকার ছাড়াও, আপনাকে বলা হবে যে:

- আপনাকে যে প্রশ্নগুলি করা হবে আর আপনি তাতে যে উত্তর দেবেন সেই সমস্তটা রেকর্ড করে রাখার জন্য আপনি অনুরোধ করতে পারেন;
- আপনি একটি নির্দিষ্ট জিজ্ঞাসাবাদ করার বা একজন বিশেষ ব্যক্তির সাক্ষাৎকার নেওয়ার কথা বলতে পারেন;

- আপনার বিবৃতিগুলি সাক্ষ্য প্রমাণ হিসেবে ব্যবহার হতে পারে।
- আপনাকে শ্রেণ্ডার করা হয়নি এবং আপনি যেকোন সময়ে নিজের ইচ্ছা মতো যেতে পারেন।
- আপনার কাছে যে নথিপত্র আছে, সাক্ষাৎকার চলাকালীন তা আপনি ব্যবহার করতে পারেন, যদি না আপনাকে এটা করতে দেওয়ার জন্য সাক্ষাৎকারকে পিছিয়ে দিতে হয়। সাক্ষাৎকার পর্ব চলাকালীন, বা তার পরে আপনি এই নথিপত্রগুলিকে লিখিত রেকর্ডের সাথে সংযুক্ত করতে বা কোর্টের ক্লার্ক বা করণিকের কাছে দাখিল করতে বলতে পারেন।

5. সাক্ষাৎকার পর্বের শেষে

সাক্ষাৎকারের শেষে, সাক্ষাৎকারটি লিখিত আকারে আপনাকে পড়তে দেওয়া হবে। আপনি পড়ে শোনাতেও বলতে পারেন।

আপনাকে জিজ্ঞাসা করা হবে যে আপনি যে বিবৃতি দিয়েছেন আপনি তাতে কোনো পরিবর্তন করতে চান কিনা বা আপনাকে স্পষ্ট করে কিছু বুঝিয়ে দিতে হবে কিনা।

6. দোভাষীর সহায়তা

- যে ভাষায় কার্যবিবরণী হচ্ছে আপনি যদি তার বদলে অন্য কোনো ভাষায় কথা বলতে চান, তাহলে পুলিশ সাক্ষাৎকারের সময় আপনাকে সাহায্য করতে একজন দোভাষীকে ডেকে নেবে যাকে কাজের আগে শপথ নিয়ে নিতে হবে। এই সাহায্য বিনামূল্যে পাওয়া যাবে।
- আপনাকে আপনার ভাষায় আপনার বিবৃতির রেকর্ড তৈরি করতেও বলা হতে পারে।

আপনার অধিকারের এই ব্যাখ্যা আপনি আপনার কাছে রেখে দিতে পারেন।